মধু'র ক্যান্টিন, ঢাকা বিশ্ববিদ্যালয়
01996243539, 01719553749
sfbdu1@gmail.com

পরিচালক আইসিটি সেল
Salam 22/9/26

**বাংলাদেশ ছাত্র ফেডারেশন**
ঢাকা বিশ্ববিদ্যালয়

তারিখ: ২০ সেপ্টেম্বর, ২০২৬

বরাবর
**মাননীয় ~~উপাচার্য~~** উপ-উপাচার্য (শিক্ষা)
ঢাকা বিশ্ববিদ্যালয়

ইতিহাস বিকৃতির অপচেষ্টা, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের সামগ্রিক নিরাপত্তা ও শিক্ষার্থীদের জীবনমানের উন্নয়নকল্পে গত ১৭ ই সেপ্টেম্বর ২০২৬ তারিখে আপনার বরাবর প্রদত্ত স্মারকলিপির সারসংক্ষেপ নিচে উপস্থাপন করা হলো।

সংগ্রহশালার ঘটনায়,

১. সংগ্রহশালা থেকে যেসব ঐতিহাসিক চিত্র, নথি ও স্মারক সরানো হয়েছে, সেগুলো কোথায় আছে, তার পূর্ণাঙ্গ তালিকা জনসম্মুখে প্রকাশ করতে হবে।
২. আগামী **মহান বিজয় দিবসের আগেই** স্বাধীনতা সংগ্রাম ভাস্কর্য চত্বর মূল নকশা অনুযায়ী পুনর্নির্মাণ করতে হবে।
৩. ডাকসু সংগ্রহশালায় অনুনমোদিত পরিবর্তনের ঘটনায় তদন্তকাজের দ্রুত অগ্রগতি প্রকাশ করতে হবে।
৪. ক্যাম্পাসের অভ্যন্তরীণ সকল ঐতিহাসিক, শৈল্পিক ও স্মৃতিচিহ্ন করে সেগুলোর নিয়মিত রক্ষণাবেক্ষন ও দীর্ঘমেয়াদী সুরক্ষায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা নিতে হবে।
৫. দেশজুড়ে সংগঠিত মব ভায়োলেন্সের বিরুদ্ধে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে স্পষ্ট অবস্থান ব্যক্ত করতে হবে এবং ক্যাম্পাসে এ ধরনের কোনো তৎপরতার পুনরাবৃত্তি রোধে কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে।

মর্তুজা মেডিকেল সেন্টারে,

১. **ডেঙ্গু, চিকুনগুনিয়া, কোভিড**সহ ন্যূনতম আবশ্যক প্যাথলজিক্যাল টেস্টসমূহ সম্পন্নের জন্য একটি ডায়াগনস্টিক ল্যাব চালু করতে হবে।
২. সার্বক্ষণিক (২৪ ঘন্টা) ওষুধের পর্যাপ্ত সরবরাহ নিশ্চিত করতে হবে।
৩. অনলাইনে বিশেষজ্ঞ ডাক্তারদের অ্যাপয়েন্টমেন্ট বুকিং পদ্ধতি চালু করতে হবে।
৪. ভবনে অনতিবিলম্বে লিফট স্থাপন করতে হবে।

Anower
24/9/26

...র ক্যান্টিন, ঢাকা বিশ্ববিদ্যালয়
01996243539, 01719553749
sfbdu1@gmail.com

বাংলাদেশ
ছাত্র ফেডারেশন
ঢাকা বিশ্ববিদ্যালয়

সকলের সুরক্ষায় :

১. ক্যাম্পাসে উচ্চক্ষমতাসম্পন্ন সিসিটিভি ক্যামেরা স্থাপন করতে হবে। সম্প্রতি ককটেল বিষ্ফোরণের ঘটনায় দ্রুত তদন্ত রিপোর্ট প্রকাশ করতে হবে।

২. বেগম সুফিয়া কামাল হল, বঙ্গমাতা হল এবং লেদার ইনস্টিটিউট সংলগ্ন রাস্তাগুলোতে প্রক্টরিয়াল টিমের **রাত্রিকালীন প্রহরা** নিশ্চিত করতে হবে।

৩. উক্ত এলাকাগুলোতে পর্যাপ্ত সড়কবাতি স্থাপন এবং প্রক্টরিয়াল বডির টোল ফ্রি হটলাইন ব্যবস্থা থাকতে হবে।

এছাড়াও,

১. তোফাজ্জল ও শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ডের ঘটনায় প্রশাসনের খোঁজ নিয়ে বিচারিক অগ্রগতির সুস্পষ্ট অবস্থা প্রকাশ করতে হবে।

২. ডাকসু নির্বাচনকে **অ্যাকাডেমিক ক্যালেন্ডারের অন্তর্ভুক্ত** করতে হবে এবং আসন্ন ডাকসু নির্বাচনের সুনির্দিষ্ট **তফসিল ও তার আনুষ্ঠানিক অগ্রগতি সম্পর্কে স্পষ্টভাবে অবহিত করতে হবে।**

৩. বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলে দূষিত পানিতে শত শত শিক্ষার্থীর পানিবাহিত রোগে আক্রান্ত হওয়ার ঘটনায় গঠিত তদন্ত কমিটির অগ্রগতি প্রকাশ, দায়িত্বে অবহেলাকারীদের বিরুদ্ধে প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

৪. শুধু উক্ত হল নয়, ক্যাম্পাসের সর্বত্র নিয়মিত পানির মান পরীক্ষা করে নিরাপদ পানির স্থায়ী সমাধান করতে হবে।

বিনীত

Rony

**সাকিবুর রহমান রনি**
সাধারণ সম্পাদক
বাংলাদেশ ছাত্র ফেডারেশন
ঢাকা বিশ্ববিদ্যালয়
01996243539